হার্ডডিস্ক! এখনই সচেতন হোন

অপারেটিং সিস্টেম, সব ধরনের প্রোগ্রাম, ড্রাইভারস এবং গেমস— সবকিছুরই ধারক হলো হার্ড ডিস্ক। সে কারণে এর রক্ষণাবেক্ষণও দরকার সব সময়... লিখেছেন কে.এম.শামীম হায়দার

কম্পিউটার ব্যবহারকারীরা সাধারণত কম্পিউটারের বাহ্যিক যত্নের ব্যাপারে অতিমাত্রায় উৎসাহী। যেমন কেসিং, মনিটর, প্রিন্টার বা কী-বোর্ড অথবা মাউসের ওপর ধুলোবালি পড়তে দেখলে আর রক্ষা নেই। কালবিলম্ব না করে সেই ধুলোবালিকে চোখের নিমিষেই নানা রকম ক্লিনার ব্যবহার করে উধাও করে দেন তা বলার আর অপেক্ষা রাখে না। কিন্তু প্রকৃতপক্ষে কম্পিউটার পরিচর্যার ক্ষেত্রে, কম্পিউটারের বাইরের ধুলোবালি পরিষ্কারের সাথে যে বিষয়টি আরো বেশি গুরুত্বপূর্ণ তা হলো কম্পিউটার সিস্টেমের ভেতরের অংশের যেমন— প্রসেসর, মাদারবোর্ড, হার্ডডিস্ক, র‌্যাম

টিপস

■ নিয়মিত রিসাইকেল বিন খালি করুন।

■ যদি কোনো ফাইল বা সফটওয়্যার-এর ব্যাপারে এই সিদ্ধান্তে পৌছান যে পরবর্তী কোনো সময়ে আপনার আর কখনও ঐ ফাইল বা সফটওয়্যারটি ডিলিট ক

■ নিয়মিত ভাবে সি ড্রাইভের অধীনস্ত: উইন্ডোজ ডিরেক্টরির অধীনে টেম্প ডিরেক্টরি খালি করুন।

■ যদি ইন্টারনেট ব্যবহারকারী হয়ে থাকেন তবে প্রতি সপ্তাহে অন্তত একবার সি ড্রাইভের অধীনস্ত উইন্ডোজ ডিরেক্টরির অধীনে টেম্পরারি ইন্টারনেট ফাইল ডিরেক্টরি খালি করুন।

■ ইমপ্রপার শাট ডাউনের পর হার্ডডিস্ক স্ক্যান করতে দিন।

■ সব সময় স্টার্ট মেনুতে গিয়ে কম্পিউটার বন্ধ করুন।

■ খুব বেশি প্রয়োজন না হলে, একই সঙ্গে বড় বড় একের বেশি প্রোগ্রাম রান করা থেকে বিরত থাকুন।

■ সব সময় যুক্তিসঙ্গতভাবে গুছিয়ে ফাইল সেভ করুন। অর্থাৎ ফাইলের নাম এবং লোকেশন ঠিকভাবে নির্ধারণ করে ফাইল সেভ করুন।

■ হার্ডডিস্কের রুট ডাইরেক্টরিতে প্রোগ্রাম ইনস্টল করবেন।

■ 'ডু নট শো হিডেন/সিস্টেম ফাইলস' অপশনটি চালু রাখুন। ফলে ভুলবশত সিস্টেম ফাইল ডিলিট হয়ে যাবে না। এই অপশনটি পাওয়ার জন্য 'মাই কম্পিউটার'-এ ডাবল ক্লিক করুন। বড় একটি পর্দা জুড়ে 'মাই কম্পিউটার' খুলে যাবে। এবার ভিউ মেনু থেকে ফোল্ডার অপশনস-এ ক্লিক করুন। পর্দায় একটি ডায়ালগ বক্স প্রদর্শিত হবে। ডায়ালগ বক্সে জেনারেল, ভিউ এবং ফাইল টাইপস তিনটি ট্যাব-কী প্রদর্শিত হবে। ভিউ ট্যাব কীতে মাউস পয়েন্টার দিয়ে ক্লিক করুন। পর্দায় কতগুলো নির্বাচনী অপশন যুক্ত একটি ডায়ালগ বক্স প্রদর্শিত হবে। এখান থেকে 'ডু নট শো হিডেন/ সিস্টেম ফাইলস' এই অপশনটির পাশের ছোট বৃত্তে ক্লিক করুন। এবার অ্যাপ্লাই কমান্ড বাটনে ক্লিক করে ওকে বাটনে ক্লিক করুন। গোপনকৃত ফাইল এবং সিস্টেম ফাইলগুলো অদৃশ্য হয়ে যাবে। অবশ্য প্রয়োজনের সময় ইচ্ছা করলেই এই একই পদ্ধতিতে গোপন-কৃত ফাইলগুলো পুনরায় দৃশ্যমান করা যায়।

আইসিটি নিউজ

কম্পিউটারের ওপর থেকে শুল্ক প্রত্যাহার

সকল আলোচনা-সমালোচনা, তর্ক-বিতর্কের অবসান ঘটিয়ে অবশেষে সরকার কম্পিউটারের ওপর থেকে আমদানি শুল্ক প্রত্যাহার করে নিয়েছে। বর্তমান চলতি বাজেটে অর্থমন্ত্রী সাইফুর রহমান কম্পিউটার ও এক্সেসরিজের ওপর শুল্ক আরোপের প্রস্তাব করলে চারদিকে সমালোচনার ঝড় ওঠে। বিভিন্ন কম্পিউটার প্রতিষ্ঠানসহ আপামর জনগণ এই শুল্ক আরোপের প্রতিবাদ জানায়। আর এরই ধারায় শেষ পর্যন্ত সরকার গত ২৯ জুন শুল্ক প্রত্যাহারের ঘোষণা দেয়। উল্লেখ্য, প্রস্তাবিত বাজেটে কম্পিউটারের ওপর সরকার ৭.৫ ভাগ শুল্ক ধার্য করেছিল।

বুয়েট ক্যাম্পাসে ফাইবার অপটিক ব্যাকবোন নেটওয়ার্ক উদ্বোধন

গত ১৮ জুন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কক্ষে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে বুয়েটের আন্তঃবিভাগ নেটওয়ার্ক সিস্টেম ও ইন্টারনেটের মাধ্যমে সেবাদানের জন্য বুয়েট ক্যাম্পাসে সংস্থাপিত ফাইবার অপটিক ব্যাকবোন নেটওয়ার্কের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. নূরউদ্দীন আহমদ। এই নেটওয়ার্কের আওতায় প্রথম পর্যায়ে একাডেমিক ও অফিস বিল্ডিংগুলো আনা হয়েছে। পরবর্তী পর্যায়ে ছাত্রদের হলসমূহ/স্টাফ রেসিডেন্সগুলো আনা হবে। উক্ত অনুষ্ঠানে বুয়েটের সব অনুষদের ডীন/বিভাগীয় প্রধান/অফিস প্রধান ও সিনিয়র শিক্ষকবৃন্দসহ বুয়েটের রেজিস্টার, কম্পট্রোলার ও পরীক্ষা নিয়ন্ত্রক উপস্থিত ছিলেন। বুয়েটের আইআইসিটির সার্বিক তত্ত্বাবধানে এই ফাইবার অপটিক ব্যাকবোন স্থাপনের কাজ সম্পন্ন করা হয়।

কম্পিউটার বিষয়ক বই লিখে স্বর্ণপদক লাভ

ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির উপ-পরিচালক মোঃ ইসমাইল জবিউল্লাহকে সিটি সমাজকল্যাণ সংস্থা এক অনুষ্ঠানের মাধ্যমে কম্পিউটার বিষয়ক বই লেখক হিসেবে স্বর্ণপদক ২০০২ পুরস্কারে ভূষিত করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মেজর জেনারেল (অবঃ) এম. আনোয়ারুল কবির তালুকদার এমপিসিটি সমাজকল্যাণ সংস্থা কর্তৃক আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে এ পুরস্কার প্রদান করেন।

বিআইটি ক্যাম্পাস পরিদর্শনে এনসিসি ইউকে'র প্রতিনিধি

সম্প্রতি ভূঁইয়া ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি), ভূঁইয়া কম্পিউটার্স পরিদর্শনে এসেছিলেন এনসিসি ইউকের বিজনেস ম্যানেজার এন্ড্রু র‍্যানি। তিনি বিআইটির বিভিন্ন ক্লাস রুম, লাইব্রেরি, ল্যাব পরিদর্শন করেন এবং কোর্স ও ক্রেডিট ট্রান্সফার নিয়ে ছাত্রছাত্রীদের সঙ্গে আলোচনা করেন। পরিদর্শন শেষে তিনি ভূঁইয়া কম্পিউটার্সের সাপোর্ট অফিসে এসে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জামাল উদ্দিন শিকদারের সঙ্গে এক সংক্ষিপ্ত আলোচনায় মিলিত হন।

জাপানিজ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের সঙ্গে বিজেআইটি প্রতিনিধিদলের সাক্ষাৎ

সম্প্রতি ঢাকাস্থ জাপানিজ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের প্রেসিডেন্ট মি. এইস উয়েনোর সঙ্গে ইতোচু করপোরেশন কার্যালয়ে চার সদস্যের বাংলাদেশ জাপান ইনফরমেশন টেকনোলজির (বিজেআইটি) প্রতিনিধিদলের সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিজেআইটির চেয়ারম্যান মি. কাজু ও কানাইয়ামা। দলের অন্য সদস্যের মধ্যে উপস্থিত ছিলেন বিজেআইটির সিইও জেএম শওকত আকবর, প্রেসিডেন্ট রফিকুল আলম এবং ডেপুটি জেনারেল ম্যানেজার আহমেদুল ইসলাম। বৈঠককালে উভয় দেশের আইসিটি খাতের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এখানে উল্লেখ্য, বিজেআইটি বাংলাদেশে জাপানি বিনিয়োগে প্রথম আইটি প্রতিষ্ঠান, যারা দেশের বাইরের সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজ করছে।

ইত্যাদির সঠিক রক্ষণাবেক্ষণ।

কম্পিউটারের হার্ডডিস্কেই সবচাইতে বেশি ব্যস্ত থাকে। অপারেটিং সিস্টেম, সকল প্রকার প্রোগ্রাম, হার্ডওয়্যার ও সফটওয়্যার ড্রাইভারস এবং গেমস এসব কিছুরই ধারক হলো হার্ডডিস্ক। আর তাই হার্ডডিস্ক পুরনো হয়ে গেলে সঠিক যত্নের অভাবে হার্ডডিস্কে নানাবিধ সমস্যা দেখা দেয়। ফলে ব্যবহারকারীদের হঠাৎ করে বেশ সমস্যায় পড়তে হয়। নতুন অবস্থায় ডাটা স্টোর করার সময় ডাটাগুলো হার্ডডিস্কের কাছাকাছি এক জায়গায় গিয়ে জমা হয়। এরপর সময়ের সঙ্গে সঙ্গে আরো অনেক নতুন নতুন ডাটা যখন এতে স্টোর করা হয় তখন নতুন প্রোগ্রামগুলোকে হার্ডডিস্ক বিভিন্ন ক্লাস্টারে জমা করে, যার একটি অপরটি থেকে দূরে থাকে। ফলে, কোন প্রোগ্রাম খুলতে বা কাজ করতে অপেক্ষকৃত বেশি সময় লাগে। তাছাড়া, নিত্যনতুন সফটওয়্যার ও গেমস ইন্সটল এবং ডিলিট করার প্রক্রিয়া পুরনো হার্ডডিস্কের জন্যে বেশ কষ্টসাধ্য ব্যাপার হয়ে ওঠে। তবে ব্যবহারকারী একটু যত্নবান আর একটু সচেতন হলেই এসব সমস্যার মুখোমুখি হতে হয় না হার্ডডিস্ককে।

'ডিস্ক হ্যাজ রান আউট অব স্পেস'— এই ম্যাসেজটি হার্ডডিস্ক পূর্ণ হয়ে গেলে দেখা যায়। হার্ডডিস্ক খালি করার জন্য তাই

উইন এম্প ব্যবহারকারীরা সাবধান

জনপ্রিয় মিউজিক প্লেয়ারের একটি বাগ সম্প্রতি ভাইরাস আক্রমণের সুযোগ করে দিয়েছে। উইন এম্পের এমপিথ্রি ফাইলের সং ট্র্যাক, আর্টিস্টের নাম, অ্যালবাম ইত্যাদি প্রকাশের জন্য ব্যবহৃত আইডিথ্রি ট্যাগ এই ভাইরাসের বাহন হিসেবে সহজে ব্যবহৃত হতে পারে বলে বিশেষজ্ঞরা আশঙ্কা করছেন। এই এমপিথ্রি ভাইরাস পিসির অন্যান্য এমপিথ্রি ফাইলকেও আক্রান্ত করে দ্রুত পুরো সিস্টেমে এবং নেটওয়ার্কের মাধ্যমে অন্য সিস্টেমে ছড়িয়ে পড়তে সক্ষম।

প্লেস্টেশন টুতে বাজার মাত

জাপানের মিডিয়া এবং ইলেকট্রনিক্স জায়ান্ট সনি করপোঃ প্রায় ৩০ মিলিয়ন কপি প্লে স্টেশন বিক্রি করেছে। গত বছর মার্কেটে মাইক্রোসফটের এক্সবক্স এবং গেমকিউবের নাইনটেনডু আগমনের পরে অনেকেই ধারণা করেছিল সনির বিক্রির পরিমাণ কমে যাবে। কিন্তু তা ভুল প্রমাণিত করে সনি নর্থ আমেরিকায় ১১.৩ মিলিয়ন কপি, ৯.৯ মিলিয়ন জাপান ও এশিয়ায় এবং ৮.৮ মিলিয়ন কপি বিক্রি করেছে ইউরোপের বাজারে। সনি আরো জানিয়েছে, আগস্টের মধ্যে তারা কনসোলের মাধ্যমে অনলাইন গেমিং-এর জন্য ডায়ালআপ এবং হাই স্পিড ইন্টারনেট এক্সেস সুবিধা যুক্ত করতে যাচ্ছে।



সাইবার ক্রাইম নিয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের লুকোচুরি

বেশিরভাগ সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান কম্পিউটার হ্যাকারদের আক্রমণের খবর গোপন রাখতেই পছন্দ করে। সম্প্রতি এমনি একটি অনুসন্ধানী রিপোর্টে এফবিআই জানিয়েছে, প্রতিবছর প্রায় ৯০% প্রতিষ্ঠান হ্যাকার কর্তৃক আক্রমণের শিকার হয় এবং তন্মধ্যে মাত্র ৩৪% প্রতিষ্ঠান তা যথাযথ কর্তৃপক্ষকে রিপোর্ট করে থাকে। বর্তমানে উন্নত বিশ্বে সাইবার ক্রাইম দিনকে দিন ভয়ঙ্কর আকার ধারণ করছে। অথচ অধিকাংশ প্রতিষ্ঠান জনসমক্ষে তাদের দুর্বল সিকিউরিটি সিস্টেম ধরা পড়ে যাবে এই ভয়ে পুলিশকে না রিপোর্ট করে লুকোছাপার আশ্রয় নিয়ে থাকে। এখানে উল্লেখ্য, ২০০০ সালে কম্পিউটার ক্রাইমের কারণে যুক্তরাষ্ট্রে লোকসানের পরিমাণ ছিল ৩৭৭ মিলিয়ন ডলার এবং ২০০১ সালে তা এসে দাঁড়ায় ৪৫০ মিলিয়ন ডলারে। এফবিআই-এর মতে, প্রতিষ্ঠানগুলোতে এই মানসিকতা বজায় থাকলে অদূর ভবিষ্যতে এই সংখ্যা বেড়ে দ্বিগুণ হতে সময় লাগবে না।

২০০৩ সালের মধ্যে নতুনরূপে পেন্টিয়াম ৪

ইন্টেল আগামী বছরের মধ্যে পেন্টিয়ামের আরো একটি আপডেটেড ভার্সন বাজারে ছাড়ার ব্যাপারে তাদের আশা প্রকাশ করেছে। নতুন এই পেন্টিয়াম ৪ ডেস্কটপ প্লাটফর্মের পাশাপাশি নেক্সট জেনারেশন সেলফোনে যোগ করবে নতুন মাত্রা। ৪ গিগাহার্জ ক্ষমতাসম্পন্ন এই প্রসেসর ৬৪ বিট এপ্লিকেশন সাপোর্ট করবে। এর পারফর্মেন্স বর্তমান এমডি প্রসেসর অপেক্ষা ২০% বেশি হবে বলে ইন্টেল ঘোষণা দিয়েছে।

অচিরেই চীনা বাজার দখল করবে নোকিয়া

সেলফোন জায়ান্ট প্রতিষ্ঠান নোকিয়া চলতি বছরে বৃহত্তর চীনে মোবাইল ফোনের পাশাপাশি ক্যামেরা এবং গেম ফোন বাজারজাত করবে। এতে তাদের বিক্রি হার ২০% পর্যন্ত বাড়তে পারবে বলে সম্প্রতি তারা আশা প্রকাশ করেছে। নতুন হাই অ্যান্ড মডেল এবং সুলভ মূল্যের কারণে তারা শীঘ্রই চীনের একচেটিয়া মার্কেট লিডার মটোরোলার মার্কেট শেয়ার দখল করতে যাচ্ছে। নোকিয়ার মার্কেটিং ব্যবস্থাপক জানিয়েছেন, এ বছর চীনে তাদের সেল বিক্রির পরিমাণ ৬০ মিলিয়ন মোবাইল পর্যন্ত পৌঁছতে পারে। এই লক্ষ্যে তারা অচিরেই নতুন আরো ১২টি মডেল নোকিয়া ফোন চীনের বাজারে ছাড়ছে। নতুন এই ফোনগুলোতে ডিজিটাল ক্যামেরা, গেম এবং সম্পূর্ণ নতুন প্রযুক্তি হিসেবে সার্বক্ষণিক রেডিও সার্ভিস যুক্ত থাকবে।

অনেকেই ইচ্ছে মতো ফাইল ডিলিট করে থাকেন। ফলে কখনো কখনো সিস্টেম ফাইলও ডিলিট হয়ে যায়। সিস্টেম ফাইলগুলোকে উদ্ভট নাম দেখে এগুলোকে অপ্রয়োজনীয় ফাইল বলে ধরে নেয়াটাই স্বাভাবিক। ফলে সিস্টেম ফাইল ছাড়া হার্ডডিস্ক প্রোগ্রাম রান করাতে পারে না। ক্ষেত্র বিশেষে হার্ডডিস্ক ক্রাশও করতে পারে। আর তাই, এভাবে হার্ডডিস্ক ক্লিন করাটা বেশ রিস্কি। এটি ক্লিন করার সবচেয়ে ভালো উপায়টি হলো, ‘নর্টন ক্লিনসুইপ’ ইন্সটল করে নেওয়া। এই সফটওয়্যারটি সঠিকভাবে ডিস্ক ক্লিন করতে সাহায্য করবে। একটি হার্ডডিস্কে কমপক্ষে ২০০ মেগাবাইট জায়গা খালি রাখা উচিত। এতে করে হার্ডডিস্ক যথাযথভাবে কাজ করতে পারে। অপ্রয়োজনীয় ফাইলগুলো প্রতি সপ্তাহেই যদি নিয়মিত ডিলিট করা হয় তাহলে হার্ডডিস্কের ওপর চাপ কম পড়বে।

হার্ডডিস্কের ফিজিক্যাল ড্যামেজও একটি বড় ব্যাপার। হার্ডডিস্ক খুলে নাড়াচাড়া বেশি করলে এ সমস্যাটি হয়ে থাকে। অনেক কম্পিউটার ব্যবহারকারী প্রায়ই হার্ডডিস্ক প্রতিনিয়ত খুলে নিয়ে মোবাইল হার্ডডিস্ক হিসাবে এক মেশিন থেকে অন্য মেশিনে নিয়ে ডাটা ট্রান্সফার করে থাকে। বর্তমানে যত ধরনের হার্ডডিস্ক বাজারে প্রচলিত আছে তার প্রত্যেকটির ডাটা ক্যাবল পোর্টগুলো বেশ দুর্বল। বার বার ডাটা ক্যাবল লাগানো এবং খোলার ফলে ডাটা ক্যাবল পোর্টের পিনগুলো প্রায় ক্ষেত্রেই বাঁকা হয়ে যায়। কোনো কোনো সময় দুর্ঘটনাবশত ভেঙেও যেতে পারে। সেক্ষেত্রে ঐ হার্ডডিস্কটি ‘অচল মাল’ হিসাবে

গণ্য করা ছাড়া আর কোনো কিছুই করার থাকে না। এছাড়াও বার বার ফিজিক্যাল হ্যান্ডলিং, অকারণে বার বার নাড়া চাড়া এবং ক্রমাগত ঝাঁকি খাওয়ার ফলে হার্ডডিস্কে ব্যাড সেক্টর পড়ে থাকে।

হার্ডডিস্কে ব্যাড সেক্টর আবার দুই ধরনের হয়ে থাকে। যার একটি ফিজিক্যাল ব্যাড সেক্টর এবং অন্যটি লজিক্যাল ব্যাড সেক্টর। ডাটা স্টোরের ইনফরমেশন প্লেটে ক্রাচ পড়লে ডাটা হারিয়ে যায়। ব্যাড সেক্টরে ফলে তৈরি অসুবিধা থেকে বাঁচতে হলে স্ক্যানডিস্ক করতে হবে। স্ক্যানডিস্ক, ডিস্ক স্ক্যান করে এরর ফিক্সড করে থাকে। উইন্ডোজ অপারেটিং সিস্টেমের সাথেই এই স্ক্যানডিস্ক ইউটিলিটিটি দেওয়া থাকে। অ্যাকসেসরিস-এ গিয়ে সিস্টেম টুলস থেকে থরো টেস্ট করলে সার্ফেসের স্ক্যান করা শুরু হবে। যেসব ব্যাড সেক্টর খুঁজে পাওয়া যাবে সেখান থেকে সারফেস স্ক্যান করা শুরু হবে। যেসব ব্যাড সেক্টর খুঁজে পাওয়া যাবে সেখান থেকে ডাটা সরিয়ে নিয়ে যাবে এই ইউটিলিটিটি এবং ব্যাড সেক্টরগুলোতে যেন কোনো ডাটা স্টোর না হয় সে ব্যবস্থাও করবে।

আরেকটি ব্যাপারের দিকে খেয়াল রাখা বেশ গুরুত্বপূর্ণ। এটি হলো ডকুমেন্ট ও ডাটা সঠিকভাবে স্টোর করা। এক ধরনের প্রোগ্রামের ডাটা বা ডকুমেন্টগুলো যেন একসঙ্গে না থাকে এ ব্যাপারে খেয়াল রাখতে হবে। সবধরনের প্রোগ্রাম বা ডাটা যেন একসাথে হিজিবিজি অবস্থায় না থাকে সেদিকে বিশেষ নজর দেয়া প্রয়োজন। যত্রতত্র ফোল্ডা অনিয়মিতভাবে না খোলাই ভাল। প্রত্যেক সপ্তাহেই হার্ডডিস্ক থেকে অব্যবহৃত প্রোগ্রামগুলোকে আনইনস্টল করুন। অপ্রয়োজনে বেশি প্রোগ্রাম হার্ডডিস্কে ইনস্টল করে রাখা ঠিক নয়। এতে করে কম্পিউটারের গতি কিছুটা হলেও কমে যায়। তাই পারতপক্ষে যে সকল প্রোগ্রাম হয়তোবা মাসে একবার বা দু'বার ব্যবহার করা প্রয়োজন তা শুধুমাত্র প্রয়োজনের সময় ইনস্টল করুন। আবার প্রয়োজন শেষ হলে আনইনস্টল করুন। যারা ইন্টারনেট ব্যবহার করেন তাদের কমবেশি সবাই ডেমো সফটওয়্যার ডাউনলোড করে থাকেন। পরবর্তীতে এই সফটওয়্যারগুলো কৌতূহলবশত কম্পিউটারে ইনস্টল করে থাকে। কিন্তু মাঝে মাঝে দেখা যায় এই ডেমো সফটওয়্যারগুলোতে রয়েছে সমস্যা। এই সমস্যাযুক্ত সফটওয়্যারগুলো ইনস্টল করার পর হার্ডডিস্কে বেশ কিছু এরর দেখা দেয়। অনেক সময় কোনো ক্রমেই এই সফটওয়্যারগুলো আনইনস্টল করা সম্ভব হয় না। ফলে সঠিকভাবে কম্পিউটার পরিচালনা বিঘ্নিত হয়। তাই ইন্টারনেট থেকে ডাউনলোডকৃত যে কোনো সফটওয়্যার সম্বন্ধে আগে জেনে নেয়ার চেষ্টা করুন এটি আপনার জন্য কতটুকু প্রয়োজনীয়। আগেই জেনে নিন এটি ডেমো ভার্সন না পরিপূর্ণ সফটওয়্যার? তারপর ইনস্টলের দিকে মনোযোগী হোন। সফটওয়্যার ইনস্টল করার সময় প্রতিটি স্টেপ ভালভাবে লক্ষ্য করুন। কেননা সফটওয়্যার ইনস্টল করার সময় যদি কোনো এরর তৈরি হয় তবে তা সরাসরি হার্ডডিস্কের ওপর প্রভাব ফেলে। তাই সফটওয়্যার ইনস্টল করার সময় অধিক মনোযোগী হোন।



নতুন ম্যাগাজিন টেকনোলজি টুডে

কম্পিউটার সংবাদ

সম্প্রতি প্রকাশিত হলো বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক নতুন মাসিক পত্রিকা 'টেকনোলজি টুডে'। বর্তমান আইটি জগতের বিভিন্ন সেকশন– কম্পিউটার টিপস, লিনাক্স, ওয়েব রিভিউ, ট্রাবল শুটিং, বাজার গাইড ইত্যাদি বেশ সুন্দরভাবে উপস্থাপন করা হয়েছে। টেকনোলজি টুডে'র আরেকটি বিশেষত্ব হলো– এর ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স, ন্যাচার অ্যান্ড সায়েন্স এবং মেডিক্যাল টেকনোলজি বিভাগগুলো। প্রথম সংখ্যার প্রচ্ছদ আইটেম হিসেবে বেছে নেয়া হয়েছে 'পিসি মেইনটেন্যান্স'– যা দেশী কম্পিউটার ইউজারদের উপকারে আসবে বলে পত্রিকা সংশ্লিষ্টরা মনে করছেন। পত্রিকাটির ওয়েব অ্যাড্রেস হচ্ছে www. technology today bd.com. এর দাম রাখা হয়েছে ২৫ টাকা।

বিসিএস এখন অ্যাসোসিওর সদস্য

এশিয়া-ওশেনিয়া অঞ্চলের তথ্যপ্রযুক্তি খাতের সংস্থাগুলোর সম্মিলিত সংগঠন অ্যাসোসিও (এশিয়ান-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশন) পূর্ণ সদস্য পদ লাভ এবং চলতি অর্থবছরের বাজেটে প্রস্তাবিত কর প্রত্যাহারকে উপলক্ষ করে গত মঙ্গলবার ঢাকার শেরাটন হোটেলে এক অনুষ্ঠানের আয়োজন করে বিসিএস। এতে প্রধান অতিথি ছিলেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী ড. আবদুল মঈন খান। এছাড়াও এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিসিএস-এর সভাপতি মোঃ সবুর খান, অ্যামচেমের সভাপতি আফতাব-উল ইসলাম, বেসিসের সভাপতি এইচএন করিম এবং আইএসপি অ্যাসোসিয়েশনের সভাপতি আখতারুজ্জামান মঞ্জু। অনুষ্ঠানে বক্তারা আন্তর্জাতিক ও দেশীয় আইটি অঙ্গনে বেসিসের ক্রমবর্ধমান গঠনমূলক ভূমিকা পালনের জন্য বেসিসের প্রশংসা করেন। এছাড়াও বর্তমান অর্থ বছরে কম্পিউটারের ওপর কর আরোপ ও প্রত্যাহার নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়।